গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

স্মারক নম্বর- ১৬.০০.০০০০.০২১.০৮.০০৩.২৫.১৩৫

তারিখ: ১৬ ফাল্গুন ১৪৩২ / ১ মার্চ ২০২৬

বিষয়: পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৬ খ্রিস্টাব্দ/১৪৪৭ হিজরি উদযাপনের জন্য সরকারি কর্মসূচি নির্ধারণকল্পে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, পবিত্র ঈদ-উল-ফিতর-২০২৬ খ্রিস্টাব্দ/১৪৪৭ হিজরি উদযাপনের জন্য সরকারি কর্মসূচি নির্ধারণকল্পে গত ২৪.০২.২০২৬ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১.০০ টায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কাজী শাহ মোফাজ্জাল হোসাইন (কায়কোবাদ), এম.পি. এর সভাপতিত্বে আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্তসমূহ (নির্ধারিত মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা সংশ্লিষ্ট) বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী।

০১/০৩/২০২৬

মামুন আল মোর্শেদ চৌধুরী
উপসচিব
টেলিফোন: ৫৫১০১১৬৮
ইমেইল: sas_cord@mora.gov.bd

বিতরণ : (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৩. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৫. পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেড কোয়ার্টার্স, ঢাকা।
৬. সচিব, জন বিভাগ/আপন বিভাগ/স্থানীয় সরকার বিভাগ/স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়/ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়/গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়/সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়/যুব ও ক্রীড়া মন্ত্রণালয়/প্রতিরক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. অতিরিক্ত সচিব (সকল), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. অতিরিক্ত সচিব (প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক (বিশেষ শাখা), মালিবাগ, ঢাকা।
১০. বিভাগীয় কমিশনার, ঢাকা।
১১. কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
১২. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
১৩. মহাপরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, ঢাকা।
১৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা সিটি কর্পোরেশন (দক্ষিণ), ঢাকা।
১৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর), ঢাকা।
১৬. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
১৭. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
১৮. মহাপরিচালক, বাংলা একাডেমী।
১৯. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
২০. মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।
২১. মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা।
২২. যুগ্মসচিব (সকল),ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
২৪. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা।
২৫. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কো: লি:, বিদ্যুৎ ভবন, ঢাকা।
২৬. ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল।
২৭. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা।

২৮. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৯. ওয়াকফ প্রশাসক, বাংলাদেশ ওয়াকফ প্রশাসকের কার্যালয়, ঢাকা।
৩০. জেলা প্রশাসক, ঢাকা।
৩১. পরিচালক, বেসামরিক ও সামরিক সংযোগ পরিদপ্তর, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৩২. পরিচালক, আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩৩. পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৩৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা গণপূর্ত সার্কেল-১, সেগুনবাগিচা, ঢাকা।
৩৫. খতিব, বায়তুল মোকাররম জাতীয় মসজিদ, ঢাকা।
৩৬. হিসাবরক্ষণ কর্মকর্তা, হাইকোর্ট মাজার মসজিদ, ঢাকা।
৩৭. প্রশাসনিক কর্মকর্তা, হাইকোর্ট মাজার মসজিদ, ঢাকা।

স্মারক নম্বর- ১৬.০০.০০০০.০২১.০৮.০০৩.২৫.১৩৫ তারিখ: ১৬ ফাল্গুন ১৪৩২ / ১ মার্চ ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অফিস কপি/গার্ড ফাইল।

০১/০৩/২০২৬
মামুন আল মোর্শেদ চৌধুরী
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয় শাখা
www.mora.gov.bd

বিষয় : আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর-২০২৬ খ্রি:/১৪৪৭ হিজরি উদযাপন উপলক্ষে আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী।
সভাপতি : কাজী শাহ মোফাজ্জাল হোসাইন (কায়কোবাদ)
মাননীয় মন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

তারিখ ও সময় : ২৪.০২.২০২৬ খ্রিস্টাব্দ, সকাল-১১.০০ ঘটিকা।
স্থান : ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-১৫১৫, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) ও ভার্চুয়াল

উপস্থিতি : পরিশিষ্ট-ক

আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর-২০২৬ খ্রিস্টাব্দ/১৪৪৭ হিজরি যথাযোগ্য মর্যাদা ও ধর্মীয় ভাবগাম্ভীর্যের সাথে উদযাপনের লক্ষ্যে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কাজী শাহ মোফাজ্জাল হোসাইন (কায়কোবাদ) এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভায় বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিগণ উপস্থিত/ভার্চুয়ালি সংযুক্ত ছিলেন। উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সংযুক্ত করা হলো।

২। সভার শুরুতে সভাপতি আগত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর উদযাপনের লক্ষ্যে রাষ্ট্রীয় কর্মসূচি বাস্তবায়নের জন্য তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। অত:পর মাননীয় মন্ত্রী, সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য জনাব মোঃ ইমতিয়াজ হোসেন,অতিরিক্ত সচিব (প্রশাসন),ধর্ম বিষয়ক মন্ত্রণালয়কে আহ্বান করেন। অতিরিক্ত সচিব (প্রশাসন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভার কার্যপত্র অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা এবং সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | কর্মসূচি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১ | ১.১ মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক বাণী প্রদান। | আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর-২০২৬ খ্রিস্টাব্দ/১৪৪৭ হিজরি উপলক্ষে প্রতি বছরের ন্যায় মহামান্য রাষ্ট্রপতির বাণী সংগ্রহ করে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. রাষ্ট্রপতির কার্যালয় (জন বিভাগ/আপন বিভাগ);<br>২. তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়;<br>৩. তথ্য অধিদপ্তর। |
| | ১.২ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বাণী প্রদান। | পবিত্র ঈদ-উল-ফিতর-২০২৬ খ্রিস্টাব্দ/১৪৪৭ হিজরি উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর বাণী সংগ্রহ করে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. প্রধানমন্ত্রীর কার্যালয়<br>২.তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়;<br>৩. তথ্য অধিদপ্তর। |
| ২ | মুসলিম দেশের কূটনীতিগণকে দাওয়াত প্রদান। | পবিত্র ঈদ-উল-ফিতর-২০২৬ খ্রিস্টাব্দ/১৪৪৭ হিজরি উপলক্ষে জাতীয় ঈদগাহে ঈদের জামায়াতে মুসলিম দেশের কূটনীতিবিদগণকে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাতে হবে। | ১. পররাষ্ট্র মন্ত্রণালয়;<br>২. তথ্য অধিদপ্তর। |

| ক্রম | কর্মসূচি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ৩ | পবিত্র ঈদ-উল-ফিতর-২০২৬ এর জামায়াত অনুষ্ঠানের বিজ্ঞপ্তি বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন এবং সংবাদপত্রসহ বিভিন্ন প্রচার মাধ্যমে প্রচার। | ঈদ-উল-ফিতর-২০২৬ খ্রিস্টাব্দ/১৪৪৭ হিজরি এর জামায়াত অনুষ্ঠানের বিজ্ঞপ্তি বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন, বেসরকারি টেলিভিশন ও সংবাদপত্রসহ বিভিন্ন প্রচার মাধ্যমে বহুল প্রচার করতে হবে। এছাড়াও জাতীয় ঈদগাহ-এর দক্ষিণ দিকে মহিলাদের জন্য আলাদা প্রবেশ পথসহ আলাদা আসন ব্যবস্থা রাখার বিষয়টিও বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন, বেসরকারি টেলিভিশন এবং সংবাদপত্রসহ বিভিন্ন প্রচার মাধ্যমে প্রচার করতে হবে। | ১. তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়;<br>২. বাংলাদেশ বেতার;<br>৩. বাংলাদেশ টেলিভিশন;<br>৪. তথ্য অধিদপ্তর;<br>৫. বেসরকারি টিভি চ্যানেলসমূহ;<br>৬. জেলা প্রশাসন, ঢাকা। |
| ৪ | জাতীয় ঈদগাহে প্রধান জামায়াতের জন্য ইমাম, ক্বারী ও উপস্থাপক নিয়োগ। | ১. ঈদ-উল-ফিতরের প্রধান জামায়াতের ইমাম মনোনয়নের জন্য ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বিশিষ্ট ০৩ (তিন) জন আলেম, পবিত্র কুরআন তেলাওয়াতের জন্য ০৩ (তিন) জন বিশিষ্ট ক্বারী ও ঈদের জামায়াত পরিচালনার জন্য ০৩ (তিন) জন উপস্থাপকের তালিকা ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। উক্ত তালিকা হতে একজন ইমাম ও একজন বিকল্প ইমাম, একজন ক্বারী ও একজন বিকল্প ক্বারী এবং একজন উপস্থাপক ও একজন বিকল্প উপস্থাপক ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনয়ন প্রদান করা হবে। | ১. ধর্ম বিষয়ক মন্ত্রণালয়;<br>২. ইসলামিক ফাউন্ডেশন;<br>৩. সিটি এসবি, বাংলাদেশ পুলিশ। |
| | | ২. জাতীয় ঈদগাহে ঈদের নামাজের পূর্বে সকাল ৭.৩০ টা হতে হামদ ও নাত এবং ইসলামিক গজল পরিবেশনের ব্যবস্থা করতে হবে। এ উপলক্ষে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে ইসলামিক ফাউন্ডেশনের অনুকূলে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ প্রদান করতে হবে। | |
| ৫ | পবিত্র ঈদ-উল-ফিতর-২০২৬ এর পূর্বে জাতীয় ঈদগাহ ময়দানের মাঠ প্রস্তুতকরণ। | ১. জাতীয় ঈদগাহ মাঠ সমতলকরণ, ঘাস কর্তন এবং আবর্জনা পরিষ্কার করাসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। | ১. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন;<br>২. গণপূর্ত অধিদপ্তর;<br>৩. রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, |
| | | ২. ঈদের জামায়াত যাতে বৃষ্টি বিঘ্নিত না হয় সে জন্য জাতীয় ঈদগাহ ময়দানে সম্পূর্ণ মাঠ জুড়ে ত্রিপলের ব্যবস্থা করতে হবে। | ১. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন;<br>২. গণপূর্ত অধিদপ্তর। |
| | | ৩. আকাশ মেঘলা থাকলে লাইটিং এর ব্যবস্থা করতে হবে। | ১. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন;<br>২. গণপূর্ত অধিদপ্তর। |
| | | ৪. ঈদের দিন জাতীয় ঈদগাহ ময়দানে বিশেষ মেডিকেল টিম রাখার ব্যবস্থা করতে হবে। | ১. স্বাস্থ্য সেবা বিভাগ;<br>২. সিভিল সার্জন, ঢাকা;<br>৩. গণপূর্ত অধিদপ্তর। |
| | | ৫. ঈদগাহ মাঠে আগত মুসল্লিদের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে হবে। | ১. ডিএমপি;<br>২. এসএসএফ;<br>৩. ডিএমপি (বিশেষ শাখা) |
| | | ৬. জামাতের প্রথম কাতারটি পূর্বের বছরের তুলনায় লম্বা করতে হবে যেন ভিআইপিগণ প্রথম কাতারে দাঁড়াতে পারেন। | ১. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন;<br>২. গণপূর্ত অধিদপ্তর; |
| ৬ | অযুর পানি, মোবাইল টয়লেট এবং বৃষ্টির পানি নিষ্কাশনের | ১. ঈদগাহের মাঠের চতুর্পাশে অযুর পানি এবং পাত্র বা ট্যাপের ব্যবস্থা রাখতে হবে। | ১. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন;<br>২. গণপূর্ত অধিদপ্তর;<br>৩. ঢাকা ওয়াসা, ঢাকা। |

| ক্রম | কর্মসূচি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
| --- | --- | --- | --- |
| (১) | (২) | (৩) | (৪) |
| | ব্যবস্থা রাখা। | ২. হাইকোর্ট মাজার মসজিদের অজুর স্থানসমূহ পূর্ব থেকেই খোলা রাখতে হবে এবং হাইকোর্ট মাজারের কর্মচারীগণকে সেখানে নিয়োজিত রাখতে হবে। | ১. রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা<br>২. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন; |
| | | ৩. অতিরিক্ত বৃষ্টি হলে পানি সরানোর জন্য গণপূর্ত বিভাগের পাশাপাশি ঢাকা ওয়াসা এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর যৌথ সহযোগিতায় প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। | ১. গণপূর্ত অধিদপ্তর।<br>২. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর;<br>৩. ঢাকা ওয়াসা, ঢাকা। |
| | | ৪. ঈদগাহের মাঠের চতুর্পাশে মোবাইল টয়লেটের ব্যবস্থা রাখতে হবে। | ১. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন;<br>২. গণপূর্ত অধিদপ্তর। |
| ৭ | পবিত্র ঈদ-উল-ফিতর-২০২৬ এর প্রধান জামায়াতের সময় নির্ধারণ এবং আবহাওয়া প্রতিকূল হলে অন্যত্র জামায়াতের আয়োজন করা। | ১. আবহাওয়া অনুকূলে থাকলে জাতীয় ঈদগাহ, হাইকোর্ট প্রাঙ্গণ, ঢাকাতে সকাল ৮:৩০ ঘটিকায় ঈদ-উল-ফিতর এর প্রধান জামায়াতের আয়োজন করা হবে এবং আবহাওয়া প্রতিকূল হলে প্রধান জামায়াত সকাল ৯:০০ ঘটিকায় বায়তুল মোকাররম মসজিদে আয়োজনের ব্যবস্থা করতে হবে। ঈদের জামায়াতের সময়সূচী এরূপ পরিবর্তন করা হলে তা ইলেক্ট্রনিক ও গণমাধ্যমে ব্যাপকভাবে সম্প্রচার করতে হবে। | ১. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন;<br>২. ইসলামিক ফাউন্ডেশন;<br>৩. তথ্য অধিদপ্তর;<br>৪. বাংলাদেশ টেলিভিশন;<br>৫. বাংলাদেশ বেতার;<br>৬. বেসরকারি টিভি চ্যানেলসমূহ।<br>৭. তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়। |
| | | ২. আবহাওয়া দুর্যোগপূর্ণ হলে ঈদের প্রধান জামায়াত বায়তুল মোকাররম মসজিদে স্থানান্তরের বিষয়ের তাৎক্ষণিক সিদ্ধান্ত প্রদানের জন্য বিভাগীয় কমিশনার, ঢাকাকে আহবায়ক করে প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ইসলামিক ফাউন্ডেশন, এসএসএফ, ডিএমপি, আবহাওয়া অধিদপ্তর, স্পারসো এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রতিনিধিগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবে। কমিটি প্রধান জামায়াতের নির্ধারিত সময়ের পূর্বে যে কোন সময়ে দুর্যোগপূর্ণ আবহাওয়ার কারণে বায়তুল মোকাররম মসজিদে ঈদের জামায়াত স্থানান্তরের ব্যবস্থা গ্রহণ করবেন।<br>৩. দুর্যোগপূর্ণ আবহাওয়ার কারণে ঈদের প্রধান জামায়াত বায়তুল মোকাররম মসজিদে স্থানান্তরের প্রয়োজন হতে পারে। সেলক্ষ্যে পূর্ব থেকেই বায়তুল মোকাররম মসজিদে ঈদ-উল-ফিতর এর প্রধান জামায়ত আয়োজনের প্রস্তুতি গ্রহণ করতে হবে। বায়তুল মোকাররম মসজিদে ঈদের জামায়াত আয়োজনের প্রস্তুতির জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো:<br>ক. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন- আহ্বায়ক<br>খ. প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রতিনিধি- সদস্য<br>গ. ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি- সদস্য<br>ঘ. বিভাগীয় কমিশনার, ঢাকা এর প্রতিনিধি- সদস্য<br>ঙ. স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি- সদস্য<br>চ. ডিএমপি কমিশনারের প্রতিনিধি- সদস্য | ১. প্রধানমন্ত্রীর কার্যালয়;<br>২. মন্ত্রিপরিষদ বিভাগ;<br>৩. স্বরাষ্ট্র মন্ত্রণালয়;<br>৪. ইসলামিক ফাউন্ডেশন<br>৫. কমিশনার, ঢাকা বিভাগ<br>৬. কমিশনার, ডিএমপি<br>৭. আবহাওয়া অধিদপ্তর<br>৮. স্পারসো<br>৯. তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়।<br>১০.ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন। |

| ক্রম | কর্মসূচি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ৮ | ঢাকা শহরের প্রধান প্রধান মসজিদের ঈদের নামাজ এবং বৃহত্তর জেলাসমূহের প্রধান জামায়াতের সময় সূচি বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশনে/ বেসরকারি প্রচার মাধ্যমে প্রচারের ব্যবস্থা করা। | ঢাকা শহরের প্রখ্যাত মসজিদগুলোতে ঈদের জামায়াত এবং বৃহত্তর জেলাসমূহের প্রধান জামায়াতের সময়সূচি সংগ্রহ করে ইসলামিক ফাউন্ডেশন/জেলা প্রশাসন ঈদের দিনের পূর্বেই বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশনসহ সকল বেসরকারি চ্যানেলগুলোকে অবহিত করবে। বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন ও তথ্য অধিদপ্তর তা প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। জাতীয় ঈদগাহে অনুষ্ঠিত জামায়াত টেলিভিশনসমূহে সরাসরি সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে যথাসময়ে একটি প্রেস রিলিজ জারি করতে হবে। | ১. মন্ত্রিপরিষদ বিভাগ;<br>২. তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়;<br>৩. ইসলামিক ফাউন্ডেশন;<br>৪. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন;<br>৫. ঢাকা উত্তর সিটি কর্পোরেশন;<br>৬. বাংলাদেশ বেতার;<br>৭. বাংলাদেশ টেলিভিশন;<br>৮.অ্যাসোসিয়েশন অব টেলিভিশন চ্যানেল ওনার্স। |
| ৯ | ঈদের মাঠে অভ্যর্থনা জ্ঞাপন এবং বিদায় জানানো। | ১. মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, প্রধান বিচারপতি, মন্ত্রিপরিষদের মাননীয় সদস্যবৃন্দ, রাষ্ট্রদূত এবং বিদেশী কূটনীতিবিদগণ, উর্ধ্বতন সামরিক ও বেসামরিক কর্মকর্তাসহ সংশ্লিষ্টগণের আগমনে তাদেরকে অভ্যর্থনা জানাতে হবে এবং নামাজ শেষে অনুরূপভাবে তাদেরকে বিদায় জানাতে হবে।<br>২. অভ্যর্থনা জ্ঞাপনে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার, ঢাকা, মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ডিএমপি কমিশনার, পররাষ্ট্র মন্ত্রণালয়, জেলা প্রশাসক, ঢাকা এর কার্যালয়ের প্রধান/প্রতিনিধি উপস্থিত থাকবেন। | ১. মাননীয় মন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়;<br>২. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়;<br>৩. মন্ত্রিপরিষদ বিভাগ;<br>৪.মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন;<br>৫. বিভাগীয় কমিশনার, ঢাকা;<br>৬. প্রশাসক, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন;<br>৭. কমিশনার, ডিএমপি;<br>৮. পররাষ্ট্র মন্ত্রণালয়;<br>৯. জেলা প্রশাসক, ঢাকা।<br>১০. স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ। |
| | | ৩. অভ্যর্থনা জ্ঞাপনে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়-কে সহায়তা প্রদানের জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সমন্বয়ে ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি সহায়তা কমিটি গঠন করতে হবে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়। |
| | | ৪. মহিলাদের ঈদের নামাজ আদায়ের জন্য আলাদা ব্যবস্থা রাখতে হবে। বিদেশী রাষ্ট্রদূত/কূটনীতিবিদগণ এবং তাদের পত্নীদের নামাজ আদায়ের জন্য পূর্ব থেকেই স্থান সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন;<br>২. পররাষ্ট্র মন্ত্রণালয়; |
| | | ৫. বিদেশী রাষ্ট্রদূত/কূটনীতিকগণের পত্নী এবং তাঁদের সাথে আগত মহিলাদেরকে অভ্যর্থনা জানানোর জন্য জেলা প্রশাসন, ঢাকা থেকে লেডি অফিসার নিযুক্ত করতে হবে। | ১. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন;<br>২. পররাষ্ট্র মন্ত্রণালয়;<br>৩. মন্ত্রিপরিষদ বিভাগ;<br>৪. জেলা প্রশাসক, ঢাকা। |
| ১০ | জাতীয় ঈদগাহ, ঢাকায় ঈদের প্রধান জামায়াত অনুষ্ঠানে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন-কে অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক সহায়তা প্রদান। | জাতীয় ঈদগাহ, ঢাকায় ঈদের প্রধান জামায়াত অনুষ্ঠানে নিম্নবর্ণিত বিষয়ের ডানপার্শ্বের কলামে উল্লিখিত প্রতিষ্ঠানসমূহ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনকে সহায়তা প্রদান করবে:<br>১. প্রয়োজনীয় সংখ্যক মাইক সরবরাহ করতে হবে এবং জাতীয় ঈদগাহের ভিতরে এবং বাহিরে মৎস্য ভবন পর্যন্ত মাইকের ব্যবস্থা রাখতে হবে। বিদ্যুৎ ব্যবস্থা বিঘ্নিত হলে যাতে নামাজের অসুবিধা না হয় সেজন্য পর্যাপ্ত সংখ্যক জেনারেটর এর ব্যবস্থা রাখতে হবে। | ১. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন;<br>২. গণযোগাযোগ অধিদপ্তর;<br>৩. গণপূর্ত অধিদপ্তর;<br>৪. ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোঃ লিঃ;<br>৫. বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড |

| ক্রম | কর্মসূচি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| | | ২. নিরাপত্তা ও আইন শৃঙ্খলা নিশ্চিত করার লক্ষ্যে আইন-শৃঙ্খলা বাহিনীর পাশাপাশি বাংলাদেশ স্কাউটসকে নিয়োজিত করতে হবে। স্কাউট নিয়োগের ক্ষেত্রে সিটি এসবি হতে ভেটিং নিতে হবে। | ১. স্বরাষ্ট্র মন্ত্রণালয়;<br>২. পুলিশ সদর দপ্তর;<br>৩. ঢাকা মেট্রোপলিটন পুলিশ<br>৪. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন। |
| | | ৩. আগত মুসল্লিদের গাড়ী পার্কিং-এর ব্যবস্থা রাখতে হবে।<br>৪. ঈদগাহ মাঠের প্রবেশ এবং বহির্গমনের গেইট/রাস্তা ভিক্ষুকমুক্ত রাখতে হবে। | ১. ঢাকা মেট্রোপলিটন পুলিশ;<br>২. ট্রাফিক দক্ষিণ বিভাগ, ডিএমপি। |
| | | ৫. অগ্নি নির্বাপনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা রাখতে হবে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর। |
| | | ৬. নামাজের বিছানা, চাদর, জায়নামাজ এর বন্দোবস্ত করতে হবে। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন। |
| | | ৭. ঈদগাহ ময়দানে জরুরি টেলিফোন সংযোগ প্রদান পূর্বক ঈদের নামাজের নির্ধারিত সময়ের পূর্বেই দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ কর্তৃক প্রয়োজনীয় স্থানগুলোতে ছাপানো ব্যানার/প্ল্যাকার্ডের মাধ্যমে টেলিফোনের অবস্থান এবং টেলিফোন নম্বর সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে। | ১. ডাক ও টেলিযোগাযোগ বিভাগ;<br>২. ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল, ঢাকা। |
| | | ৮. কেহ হারিয়ে গেলে তাকে অনুসন্ধানের জন্য অনুসন্ধান কেন্দ্র স্থাপন করতে হবে এবং মাইকে ঘোষণার ব্যবস্থা রাখতে হবে। অনুসন্ধান কেন্দ্র, গাড়ীর প্রবেশ ও প্রস্থান এবং পার্কিং সংক্রান্ত নির্দেশনা ডিসপ্লে বোর্ডে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে। | ১. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন;<br>২. ট্রাফিক বিভাগ (দক্ষিণ) ডিএমপি। |
| | | ৯. ঈদের জামায়াত শেষে মুসল্লিগণ যাতে সহজে মাঠ হতে বহির্গমন করতে পারেন সেজন্য রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, বাংলাদেশ সুপ্রিম কোর্টের প্রতিনিধির সাথে আলোচনা করে ঈদগাহের পূর্ব দিকে আরো ২ (দুই) টি নতুন বহির্গমন ফটক স্থাপন করতে হবে। | ১. গণপূর্ত অধিদপ্তর;<br>২.রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রিম কোর্ট। |
| ১১ | ঈদের অন্যান্য অনুষ্ঠান (জাতীয় পতাকা উত্তোলন, সড়ক সজ্জিত করা ও আলোক সজ্জা করা)। | ১. জাতীয় পতাকা উত্তোলন:<br>সরকারি ভবনসমূহের জন্য গণপূর্ত অধিদপ্তর ও বেসরকারি ভবনের জন্য নিজ নিজ মালিক ও ব্যবস্থাপকগণ জাতীয় পতাকা উত্তোলনের ব্যবস্থা করবেন। এ বিষয়ে সংশ্লিষ্টরা যাতে অবহিত থাকেন সেজন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন এবং জাতীয় দৈনিক সংবাদপত্রসমূহ প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। মন্ত্রিপরিষদ বিভাগ হতে সকল বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকগণকে এ বিষয়ে নির্দেশনা প্রদান করতে হবে। | ১. মন্ত্রিপরিষদ বিভাগ;<br>২. তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়;<br>৩. গণপূর্ত অধিদপ্তর;<br>৪. বাংলাদেশ বেতার;<br>৫. বাংলাদেশ টেলিভিশন;<br>৬. অ্যাসোসিয়েশন অব টেলিভিশন চ্যানেল ওনার্স। |
| | | ২. সড়ক সজ্জিতকরণ:<br>জাতীয় পতাকা ও ''ঈদ মোবারক'' (বাংলা ও আরবীতে) খচিত ব্যানার দ্বারা প্রধান প্রধান সড়ক এবং সড়ক দ্বীপ (আইল্যান্ডসমূহ) সজ্জিত করতে হবে।<br>সড়কগুলো হলো:<br>প্রধানমন্ত্রীর কার্যালয়ের সম্মুখের রাস্তা ও সরকারি বাস ভবনের সম্মুখের রাস্তা। হযরত শাহজালাল (রহঃ) আন্তর্জাতিক বিমান বন্দর হতে সড়কদ্বীপসহ বনানীর ঢাকা গেইট, কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরী, ছাত্র-শিক্ষক কেন্দ্র, কার্জন হল, আব্দুল গণি রোড, ডি আই টি রোড হয়ে | ১. গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়;<br>২. গণপূর্ত অধিদপ্তর;<br>৩. সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ;<br>৪. সড়ক ও জনপদ অধিদপ্তর। |

| ক্রম | কর্মসূচি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| | | বঙ্গভবন পর্যন্ত। জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের চতুর্পাশের রাস্তাসমূহ। | |
| | | ৩. আলোক সজ্জা:<br>ঈদের পূর্ব রাত্রি হতে ঈদের পরদিন রাত ১২:০০ টা পর্যন্ত মোট ৩০ (ত্রিশ) ঘন্টা নির্দিষ্ট সরকারি ভবনসমূহে যথা: বঙ্গভবন, প্রধানমন্ত্রীর কার্যালয় এবং সরকারি বাসভবন, বাংলাদেশ সচিবালয় ভবন, সুপ্রিম কোর্ট ভবন, পররাষ্ট্র মন্ত্রণালয়, ওসমানী মিলনায়তন এবং বায়তুল মোকাররম মসজিদে আলোকসজ্জার ব্যবস্থা করতে হবে।<br>উপরের ক্রমিক নং ১১(২) ও ১১(৩) এর বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে সড়ক সজ্জিতকরণ এবং আলোক সজ্জার জন্য গণপূর্ত অধিদপ্তরের অনুকূলে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করতে হবে। | ১. ধর্ম বিষয়ক মন্ত্রণালয়;<br>২. গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়;<br>৩. গণপূর্ত অধিদপ্তর;<br>৪. পররাষ্ট্র মন্ত্রণালয়। |
| | | ৪. তিন বাহিনীর সদর দফতর এবং সামরিক গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহে স্ব-স্ব ব্যবস্থাপনায় আলোকসজ্জার ব্যবস্থা করতে হবে। | ১. প্রতিরক্ষা মন্ত্রণালয়;<br>২. সশস্ত্র বাহিনী বিভাগ। |
| ১২ | ঈদ উপলক্ষ্যে বেতার ও টেলিভিশনে বিশেষ অনুষ্ঠান প্রচার এবং সংবাদপত্রে বিশেষ সংখ্যা প্রকাশ করা। | ঈদের দিনে বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশনসহ সরকারি-বেসরকারি প্রচার মাধ্যমে বিশেষ অনুষ্ঠান প্রচার করতে হবে এবং সংবাদপত্রসমূহে বিশেষ সংখ্যা প্রকাশ করতে হবে। | ১. তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়;<br>২. তথ্য অধিদপ্তর;<br>৩. বাংলাদেশ বেতার;<br>৪. বাংলাদেশ টেলিভিশন;<br>৫.অ্যাসোসিয়েশন অব টেলিভিশন চ্যানেল ওনার্স। |
| ১৩ | দেশের বিভিন্ন হাসপাতাল, কারাগার ও সরকারি শিশু সদনে ঈদের দিন উন্নতমানের খাবার পরিবেশন এবং ঈদের গুরুত্ব সম্পর্কে ঈদের পূর্বে সেমিনার/ আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা | ১. দেশের বিভিন্ন হাসপাতাল, কারাগার, শিশু সদন, ছোটমনি নিবাস, সামাজিক প্রতিবন্ধী কেন্দ্র, শিশু বিকাশ কেন্দ্র, আশ্রয় কেন্দ্র, সেফ হোমস, ভবঘুরে কল্যাণ কেন্দ্র ও দুঃস্থ কল্যাণ কেন্দ্রে ঈদের দিনে উন্নতমানের খাবার পরিবেশনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. স্বরাষ্ট্র মন্ত্রণালয়;<br>২. স্বাস্থ্য সেবা বিভাগ;<br>৩. সমাজকল্যাণ মন্ত্রণালয়।<br>৪. কারা অধিদপ্তর। |
| ১৪ | ঈদের দিন ও ঈদের পর বিভিন্ন অনুষ্ঠানের আয়োজনা করা। | ১.মহানগরীর বিভিন্ন স্থানে রাষ্ট্রীয় নীতির সাথে সংগতিপূর্ণ ডকুমেন্টারি ফিল্ম/চলচ্চিত্র প্রদর্শন করতে হবে। | ১. তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়;<br>২. গণযোগাযোগ অধিদপ্তর;<br>৩. চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর। |
| | | ২. ঈদের দিনে সুবিধা বঞ্চিত শিশুদেরকে বিনা টিকেটে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশন-এর আওতাধীন সকল শিশু পার্কে প্রবেশের ব্যবস্থা করতে হবে। | ১. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন;<br>২. ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |
| | | ৩. ঈদের দিনে সুবিধা বঞ্চিত শিশুদেরকে বিনা টিকেটে ঢাকা যাদুঘর, আহসান মঞ্জিল, লালবাগের কেল্লা ইত্যাদি দর্শনীয় স্থানে প্রবেশের ব্যবস্থা করতে হবে। | ১. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়,<br>২. জাতীয় জাদুঘর;<br>৩. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। |
| | | ৪. নিজস্ব উদ্যোগে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ঈদের সাথে সঙ্গতিপূর্ণ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |
| | | ৫. ঢাকা মহানগরীতে প্রীতি ফুটবল ম্যাচের আয়োজন করতে হবে। | ১. যুব ও ক্রীড়া মন্ত্রণালয়;<br>২. ক্রীড়া পরিদপ্তর। |

| ক্রম | কর্মসূচি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| | | ৬. বাংলাদেশ শিশু একাডেমিতে শিশুদের ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানের আয়োজন করতে হবে। এ উপলক্ষে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে বাংলাদেশ শিশু একাডেমির অনুকূলে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করতে হবে। | ১. ধর্ম বিষয়ক মন্ত্রণালয়;<br>২. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়;<br>২. বাংলাদেশ শিশু একাডেমী। |
| ১৫ | বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস কর্তৃক সরকারি কর্মসূচির আলোকে ঈদ-উল-ফিতর- ২০২৬ উদযাপন | ১. বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস কর্তৃক যথাযোগ্য মর্যাদার সঙ্গে সরকারি কর্মসূচির আলোকে ঈদ-উল-ফিতর উদযাপন এর ব্যবস্থা করতে হবে। | পররাষ্ট্র মন্ত্রণালয়। |
| | | ২. মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণীসমূহ বাংলাদেশ মিশনসমূহের মাধ্যমে বিদেশে প্রচারের ব্যবস্থা করতে হবে। | |
| ১৬ | জাতীয় কর্মসূচীর আলোকে কর্মসূচি প্রণয়নপূর্বক ঈদ-উল-ফিতর-২০২৬ উদযাপন | বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসারগণ ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানের প্রধানগণ জাতীয় কর্মসূচীর আলোকে নিজ নিজ কর্মসূচি প্রণয়ন পূর্বক ঈদ-উল-ফিতর-২০২৬ উদযাপন করবেন। এলক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ দিকনির্দেশনা প্রদান করবেন। | ১. মন্ত্রিপরিষদ বিভাগ;<br>২. জনপ্রশাসন মন্ত্রণালয়;<br>৩. স্থানীয় সরকার বিভাগ;<br>৪. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়;<br>৫. বিভাগীয় কমিশনার (সকল);<br>৬. জেলা প্রশাসক (সকল);<br>৭. ইসলামিক ফাউন্ডেশন।<br>৮. বাংলাদেশ শিশু একাডেমি। |

৩। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব মোঃ ইমতিয়াজ হোসেন অদ্যকার সভায় এজেন্ডাভিত্তিক আলোচনার মাধ্যমে গৃহীত সিদ্ধান্তসমূহ পারস্পরিক সহযোগিতার মাধ্যমে বাস্তবায়ন করার জন্য উপস্থিত সকলকে আহবান জানান।

৪। মাননীয় মন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় দেশবাসীকে পবিত্র ঈদ-উল-ফিতরের অগ্রিম ঈদ মোবারক জ্ঞাপন করেন। মাহে রমজানে আমাদের সকলকে ধৈর্যশীল হওয়ার আহ্বান জানান। রোজার পবিত্রতা রক্ষার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক দেশের সকল মসজিদে খুৎবা প্রদান এবং বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগকে এ বিষয়ে কার্যকর ভূমিকা পালন করার জন্য অনুরোধ করেন। তাছাড়া অদ্যকার সভায় যে সব বিষয় এজেন্ডাভিত্তিক আলোচিত হয়েছে তা সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে মর্মে উল্লেখ করেন। তিনি আরো বলেন সকল আলোচিত বিষয়ের সিদ্ধান্তসমূহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে পরস্পরের সাথে সমন্বয় করে বাস্তবায়ন করতে হবে। মাঠ পর্যায়ে জেলা প্রশাসকগণ পুলিশসুপারসহ সংশ্লিষ্ট অন্যান্যদের সাথে সমন্বয় করে পবিত্র রমজানের পবিত্রতা রক্ষার জন্য ব্যবস্থা গ্রহণ করবেন। পরিশেষে তিনি দেশবাসীর মঙ্গল কামনা করেন এবং সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ ও শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১.৩.২৬

কাজী শাহ মোফাজ্জাল হোসাইন (কায়কোবাদ)
মাননীয় মন্ত্রী
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

নম্বর- ১৬.০০.০০০০.০২১.০৮.০০৩.২৫. ১৬৪

তারিখ: ~~১১~~ ১৬ ফাল্গুন ১৪৩২
~~২৪ ফেব্রুয়ারি~~ ১ মার্চ ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে বিতরণ :(জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব,জননিরাপত্তা বিভাগ/মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৪. পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেড কোয়ার্টার্স, ঢাকা।
৫. সচিব,জন বিভাগ/আপন বিভাগ/পররাষ্ট্র মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ/স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়/ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়/গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়/সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়/যুব ও ক্রীড়া মন্ত্রণালয়/প্রতিরক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬. অতিরিক্ত সচিব (প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. অতিরিক্ত সচিব (সকল), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক (বিশেষ শাখা), মালিবাগ, ঢাকা।
৯. বিভাগীয় কমিশনার (সকল)।
১০. কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
১১. কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
১২. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
১৩. ওয়াকফ প্রশাসক, বাংলাদেশ ওয়াকফ প্রশাসকের কার্যালয়, ঢাকা।
১৪. মহাপরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, ঢাকা।
১৫. প্রশাসক, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
১৬. প্রশাসক, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
১৭. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
১৮. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
১৯. মহাপরিচালক, বাংলা একাডেমী।
২০. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
২১. মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।
২২. মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা।
২৩. যুগ্মসচিব (প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
২৫. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা।
২৬. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কো: লি:, বিদ্যুৎ ভবন, ঢাকা।
২৭. ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল।
২৮. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা।
২৯. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩০. যুগ্মসচিব (সকল),ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩২. জেলা প্রশাসক (সকল)।
৩৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩৪. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, ঢাকা।
৩৫. সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৬. পরিচালক, বেসামরিক ও সামরিক সংযোগ পরিদপ্তর, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৩৭. পরিচালক, আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩৮. পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৩৯. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা গণপূর্ত সার্কেল-১, সেগুনবাগিচা, ঢাকা।
৪০. সিস্টেম এনালিস্ট,আইসিটি শাখা,ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪১. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৪২. খতিব, বায়তুল মোকাররম জাতীয় মসজিদ, ঢাকা।
৪৩. হিসাবরক্ষণ কর্মকর্তা, হাইকোর্ট মাজার মসজিদ, ঢাকা।
৪৪. প্রশাসনিক কর্মকর্তা, হাইকোর্ট মাজার মসজিদ, ঢাকা।
৪৫. অফিস কপি/গার্ড ফাইল।

০১/০৬/২০২৫

মামুন আল মোর্শেদ চৌধুরী
উপসচিব